

সূত্র

প্রিন্ট: ২৪ মার্চ ২০২৬, ১০:০৪ এএম

শিক্ষাঙ্গন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি অধ্যাপক রইস উদ্দিন

Advertisement

সূত্র

জবি প্রতিনিধি

প্রকাশ: ১৬ মার্চ ২০২৬, ০৫:৪৮ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ভাইস চ্যান্সেলর (ভিসি) হিসেবে নিয়োগ পেয়েছেন ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. রইছ উদ্দিন।

সোমবার (১৬ মার্চ) বিকেলে শিক্ষা মন্ত্রণালয় থেকে এ ঘোষণা করে শিক্ষামন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন।

অধ্যাপক রইছ উদ্দিন কুষ্টিয়া ইসলামি বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করে একই বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে যোগ দেন। এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে যোগ দেন।

নতুন দায়িত্ব পাওয়ার বিষয়ে অধ্যাপক ড. মো. রইছ উদ্দিন বলেন, সম্মান দেওয়ার মালিক আল্লাহ। তিনি আমাকে যে সম্মান দিয়েছেন, সে জন্য আমি তার কাছে শুকরিয়া আদায় করি। এটি নিয়ে গর্ব করার কিছু নেই; বরং এটি আমার জন্য একটি বড় দায়িত্ব। আমার বর্তমান পরিচয়ের আগে আমি অধ্যাপক ড. রইছ হিসেবেই পরিচিত থাকতে চাই। সবাইকে নিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে আরও উচ্চতায় পৌঁছে দিতে আমি আমার সর্বোচ্চ চেষ্টা করব।